

| শিরোনাম | সূত্র | তারিখ |
|---|----------------|----------------|
| পূর্ব পাকিস্তানের গভর্নর হিসাবে লেঃ জেঃ টিকা খানের শপথ গ্রহণ সংক্রান্ত খবর | দৈনিক ইন্ডিফাক | ১০ মার্চ, ১৯৭১ |

**পরিচালক পদে লেঃ জেঃ জেঃ টিকা খান
(ষাফ রিপোর্টার)**

গতকাল (মঙ্গলবার) গভীর রাত্রে পি,পি,আই এবং এনা পরিবেশিত খবরে প্রকাশ, টাফ মার্শাল এডমিনিস্ট্রেটর সংশ্লিষ্ট বিধি পরিবর্তন করিয়া রেঃ জেঃ জেঃ টিকা খান এস,পি-কে-কে ‘খ’ অঞ্চলের মার্শাল লঃ এডমিনিস্ট্রেটর নিয়োগ করিয়াছেন। তাঁহার এই নিয়োগ গত ৭ই মার্চ হইতে কার্যকরী হইবে।

এখানে উল্লেখ করা যাইতে পারে যে, টাফ মার্শাল ল’ এডমিনিস্ট্রেটর লেঃ জেনারেল টিকা খান এস,পি-কে-কে গত ৬ই মার্চ পূর্ব পাকিস্তানের গভর্নর নিয়োগ করেন এবং নৃতন দায়িত্বভার গ্রহণের জন্য ৭ই মার্চ তিনি ঢাকা পৌঁছেন।

গতকাল বি,বি,সি-র এক খবরে বলা হয় যে, আওয়ামী লীগ প্রধান শেখ মুজিবুর রহমানের নির্দেশ অনুযায়ী ঢাকা হাইকোর্টে হৃতালের দরুণ কোন বিচারপতি পূর্ব পাকিস্তানের নবনিযুক্ত সামরিক গভর্নরের শপথ অনুষ্ঠান পরিচালনা করিতে সম্মত হইতেছেন না। ফলে নয়া গভর্নরের কার্যভার গ্রহণ বিলম্বিত হইতেছে।*

* তৎকালীন পূর্ব পাকিস্তানের প্রধান বচারপতি বি, এ, সিদ্দিকী ১৯৭১ সালের ১ই মার্চ গভর্নর হিসাবে জেনারেল টিকা খানের শপথগ্রহণ অনুষ্ঠন পরিচালনা করতে অস্বীকৃতি জানিয়েছেন।